

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-২ শাখা
www.mopa.gov.bd

স্মারক নং-০৫.০০.০০০০.০০০.১৯৬.১৯.০০০১.২৬-১২৯

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩৩
০১ জুলাই ২০২৬

পরিপত্র


বিষয়: 'জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩' (অতঃপর 'নীতিমালা' অভিহিত) এর (vi) অনুচ্ছেদে বর্ণিত 'আংশিক বৃত্তি' স্পষ্টীকরণ।

'জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩' (অতঃপর 'নীতিমালা' অভিহিত) এর ১৮ জানুয়ারি ২০২৬ তারিখে ০৫.০০.০০০০.০০০.২১১.০৬.০০০৭.২৫-০৫ স্মারকমূলে প্রদত্ত সংশোধনী প্রজ্ঞাপনের (vi) অনুচ্ছেদে বর্ণিত 'আংশিক বৃত্তি' বিষয়টি নির্দেশক্রমে নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হলো:

'পিএইচডি কোর্সের ক্ষেত্রে আংশিক বৃত্তি বলতে প্রশিক্ষণ/উচ্চশিক্ষা সম্পন্ন করার লক্ষ্যে সম্পূর্ণ প্রয়োজনীয় কোর্স ফি (Course/Tuition Fee) এবং জীবনধারণের জন্য সম্পূর্ণ ব্যয়ের (Living Allowance) অন্তত ৫০% (পঞ্চাশ শতাংশ) ব্যয়ভার বৃত্তি প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক বহন করাকে বুঝাবে এবং মাস্টার্স প্রোগ্রামের ক্ষেত্রে আংশিক বৃত্তি বলতে, প্রশিক্ষণ/উচ্চশিক্ষা সম্পন্ন করার লক্ষ্যে অন্যান্য আনুষঙ্গিক খরচ ব্যতীত প্রয়োজনীয় কোর্স ফি (Course/Tuition Fee) এবং জীবনধারণ ব্যয় (Living Allowance) উভয় এর সমুদয় অর্থের ব্যয়ভার বৃত্তি প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক বহন করাকে বুঝাবে'।

প্রশিক্ষণ/উচ্চশিক্ষা গ্রহণকালীন সময়ে বৃত্তি ব্যতীত যে কোন ধরনের আর্থিক উপার্জনের জন্য কাজের সুযোগ (Teaching/Graduate/Research Assistantship or Casual Enrollment/Employment or any kinds of job/work offer) প্রেষণ প্রাপ্তির জন্য বিবেচ্য হবে না।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।


০২.০৭.২০২৬

পারসিয়া সুলতানা প্রিয়াংকা
সিনিয়র সহকারী সচিব
ফোন-২২৬৬৪১১৪৪

ইমেইল: Cp2@mopa.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা;
- ০২। সিনিয়র সচিব/সচিব ----- মন্ত্রণালয়/বিভাগ (সকল);
- ০৩। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা;
- ০৪। যুগ্ম-সচিব (অভ্যন্তরীণ প্রশিক্ষণ অধিশাখা/বিদেশ প্রশিক্ষণ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা;
- ০৫। বিভাগীয় কমিশনার----- (সকল);
- ০৬। জেলা প্রশাসক ----- (সকল);
- ০৭। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী সরকারি গেজেটের বিশেষ সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে পরিপত্রটি প্রদর্শনের অনুরোধসহ);
- ০৯। উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব/সিনিয়র এসাইনমেন্ট অফিসার/ সহকারী সচিব (সকল);
- ১০। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।